অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/17/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট জুড়ে 7 মিলিয়নেরও বেশি মোট COVID টিকার ডোজ প্রদান করা হয়েছে বলে ঘোষণা করেছেন

সরকারি এবং অলাভজনক প্রতিষ্ঠানে কাজ করা জনগণের মুখোমুখি হওয়া অপরিহার্য কর্মীরা আজ থেকে COVID টিকা পাওয়ার যোগ্য

গত 24 ঘণ্টায় নিউ ইয়র্ক স্টেট জুড়ে 1,48,564 ডোজ প্রদান করা হয়

গত সাত দিনে 1 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে

স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে আপডেট তথ্য প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে রাজ্য জুড়ে মোট 7 মিলিয়ন মোট COVID এর টীকার ডোজ দেওয়া হয়েছে। আজ থেকে, সরকারি এবং অলাভজনক প্রতিষ্ঠানে কাজ করা জনগণের মুখোমুখি হওয়া অপরিহার্য কর্মীরা এই টিকা পাওয়ার যোগ্য। গত 24 ঘণ্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 148,564টি ডোজ দেওয়া হয়েছে এবং গত সাত দিনে 1 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে।

"নিউ ইয়র্কের COVID ভাইরাসের বিরুদ্ধে লড়াই করার ক্ষমতা রাষ্ট্রের টিকাকরণ কর্মসূচীর সমান শক্তিশালী, এবং এই কারণে আমরা ক্রমাগত আমাদের বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ করছি এবং রাজ্য জুড়ে হাতে টিকা দিচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "আমরা নতুন বড় এবং ছোট সাইট খুলছি এবং নিশ্চিত করছি যে এই টিকা সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের কাছে পৌঁছায়, এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ আচরণ অনুশীলন করা উচিত যতক্ষণ না এটি বৃহত্তর পুলে পাওয়া যায়। নিউ ইয়র্ক টিকা করণের অগ্রগতি ঘটাচ্ছে এবং আমরা আরো বাসিন্দা এবং তাদের পরিবারের কাছে পৌঁছানোর জন্য চাপ দিতে থাকবো।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থাযুক্ত ব্যক্তিদের জন্য 'আমি কি যোগ্য' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে এবং তার সাথে পরবর্তী সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট প্রকাশ করা হবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- ডাক্তারের চিঠি, অথবা
- চিকিৎসা তথ্য যা কোমোরবিডিটির প্রমাণীকরণ করে, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ দুপুর 1টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ:

রাজ্যব্যাপী তালিকা

প্রদান করা মোট ডোজগুলি - 7,003,834
গত 24 ঘন্টায় মোট ডোজ প্রদান করা হয়েছে - 148,564
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,048,858
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 23.5%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকা ডোজ পেয়েছেন - 12.2%

	অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি		**সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ**	
অঞ্চল	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**
Capital Region	289,203	6,826	146,101	2,753
Central New York	256,716	3,947	144,059	4,396
Finger Lakes	297,015	6,451	152,862	2,019
Long Island	537,946	15,342	297,960	7,282
Mid-Hudson	450,439	10,897	225,898	3,905
Mohawk Valley	127,405	1,961	69,603	1,570
New York City	2,122,244	43,714	1,065,549	27,333
North Country	145,280	1,486	83,419	1,590
Southern Tier	158,940	3,360	85,485	2,046
Western New York	306,069	7,243	169,141	3,362
স্টেটজুড়ে	4,691,257	101,227	2,440,077	56,256

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজগুলি সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমসঞ্চিত
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3 আসন্ন ডোজগুলি 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125
সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11 ডোজ আসছে	393,530	305,780	699,310	5,229,950

2/22 - 2/28				
সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 - 03/07	1,020,660	290,500	1,311,160	6,541,110
সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 - 03/14	455,365	339,790	795,155	7,336,265

যে নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতে পারেন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফেসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। হটলাইন কর্মীগণ যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের প্রধান্য না দেওয়া হয় তা নিশ্চিত করা যায় কারণ স্টেট সমস্ত যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন